গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২০২১- ৮৫৭

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৮
০৯ সেপ্টেম্বর' ২০২১

বিষয়: **দক্ষিণ-দক্ষিণ এবং ট্রায়াংগুলার সহযোগিতা [South-south and Triangular Co-operation (SSTC)] জোরদারকরণে স্বঅডিও/ভিডিও/প্রকাশনা/স্ব-প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট উদ্ভাবনীমূলক উত্তম চর্চা ও ভিডিওসমূহের হালনাগাদ তথ্য প্রেরণ।**

বরাত: ক। অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের স্মারক নং-০৯.০০.০০০০.১০৭.২৪.০০৬.১৮-১৭ তারিখ:১৭-০৮-২০২১।

খ। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৮.০৬.০০১.২১-১৪৯ তারিখ:২৪-০৮-২০২১।

উপর্যুক্ত বিষয় ও বরাতে উল্লিখিত পত্রের প্রেক্ষিতে সরকারের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের উদ্ভাবনীমূলক উত্তম চর্চা ও সৃজনশীল কার্যক্রমের হালনাগাদ প্রতিবেদন এতৎসংগে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্ত: প্রতিবেদন- ২৩ (তেইশ) পাতা।

০৯.০৯.২১

মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল
কারা অধিদপ্তর, ঢাকা।
স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

# <u>কারা অধিদপ্তরের উদ্ভাবনীমূলক উত্তম চর্চা ও সৃজনশীল কার্যক্রমের তালিকা:</u>

**১. কারা অধিদপ্তরের লোগো:**

**২. অধিদপ্তরের নাম:** কারা অধিদপ্তর

**৩. অধিদপ্তরের প্রধান কার্যালয়ের একটি ছবি:**



**৪. অধিদপ্তরের ভিশন:** রাখিব নিরাপদ দেখাবো আলোর পথ।

**৫. অধিদপ্তরের মিশন:** বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করা, কারাগারে কঠোর নিরাপত্তা ও বন্দিদের মাঝে শৃঙ্খলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ করা, যথাযথভাবে তাদের বাসস্থান, খাদ্য, চিকিৎসা, এবং আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবীর সাথে সাক্ষাত নিশ্চিত করা এবং একজন সুনাগরিক হিসাবে সমাজে পুনর্বাসন করার লক্ষ্যে প্রয়োজনীয় মোটিভেশন ও প্রশিক্ষণ প্রদান করা।

**৬. কারা অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহ, ২০২০-২০২১**

| ক্রম | উদ্ভাবনী উগ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | ইপ্সিত ফলাফল | চলমান/বাস্তবায়িত |
|---|---|---|---|---|
| ১. | এসএমএস এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান | বন্দি এক কারাগার থেকে অন্য কারাগারে বদলি হলে অথবা বন্দির জামিন/খালাস হলে সহজে তথ্য প্রদানের লক্ষ্যে এসএমএস ও অ্যাপ এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদানের কার্যক্রম চালু করা হয়েছে। এর ফলে বন্দির অবস্থান সংক্রান্ত যে কোন তথ্য তার স্বজন সহজে জানতে পারবে। | স্বজনদের বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রাপ্তি সহজ হবে। | বাস্তবায়িত (২০২০-২০২১) |
| ২. | হাইকোর্টে আপিল প্রক্রিয়া সহজিকরণ | কারা বন্দিদের জেল আপিল দাখিল, জেল আপিলের অগ্রগতি এবং ফলাফল সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিত হওয়ার জন্য একটি অ্যাপ তৈরী করা হয়েছে। উক্ত অ্যাপের মাধ্যমে জেল আপিল সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জেনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যাবে। | কারা বন্দিদের জেল প্রক্রিয়া এবং এ সংক্রান্ত তথ্য জানা সহজতর হবে। | চলমান (২০২০-২০২১) |
| ৩. | হট নাম্বার চালুকরণ | আত্মীয় স্বজন কর্তৃক বন্দি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কারাগারে গিয়ে জানতে হয়। অনেক সময় অনেক বন্দি অন্য কারাগারে বদলি হয়ে গেলে তথ্য না জানার কারনে কারাগারে গিয়ে ফেরত আসতে হয়। বন্দির আত্মীয় স্বজনের বর্ণিত দূর্ভোগ লাঘবের উদ্দেশ্যে যেন একটি নাম্বার এ ফোন দিয়ে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়, এই উদ্যোগ গ্রহণ করা হয়। | কারাগারে না এসেও দেশের যে কোন প্রান্ত থেকে কারাগার বা বন্দি সংক্রান্ত বৈধ তথ্য প্রাপ্তি সহজতর হবে। | চলমান (২০২০-২০২১) |
| ৪. | ওয়েস্টেজ ম্যানেজম্যান্ট এন্ড ইউজেস | কারাগারসমূহে সঠিক প্রক্রিয়ায় ওয়েস্টেজ ম্যানেজম্যান্ট এবং তার সঠিক ব্যবহার করা গেলে কারা এলাকা যেমন পরিষ্কার-পরিচ্ছন্ন থাকবে তেমনি পরিবেশ ও দূষণমুক্ত থাকবে। এ লক্ষ্যে কুড়িগ্রাম জেলা কারাগারে প্রাথমিকভাবে বাস্তবায়নের কাজ চলছে। | পচনশীল আবর্জনা জৈবসার এবং অপচনশীল আবর্জনা রিসাইক্লিং এর মাধ্যমে কারা চত্বর আবর্জনামুক্ত রাখা যাবে। | চলমান (২০২০-২০২১) |
| ৫. | ডিজিটাল ডিসপ্লে বোর্ড চালুকরণ | জামিন/খালাস প্রাপ্ত বন্দিদের তথ্য পূর্বে RP গেটের বাইরে অবস্থানরত বন্দির স্বজনদের জন্য লিখিতভাবে টানিয়ে দেওয়া হতো। অনেক সময় সেটা কেউ ছিড়ে ফেলত/বৃষ্টিতে ভিজে নষ্ট হয়ে যেত। সঠিক তথ্যের জন্য বন্দির স্বজনরা দীর্ঘসময় অপেক্ষা | ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে বন্দির স্বজনরা সহজেই জামিন/খালাসের তথ্য পাচ্ছেন যার ফলে দীর্ঘসময়ের অপেক্ষার | বাস্তবায়িত (২০১৯-২০২০) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতেন। এই সমস্যা দূরীকরণের জন্য/সেবা সহজিকরণের জন্য সকল কারাগারে RP গেটে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। যেখানে বন্দিদের জামিন/খালাসের তথ্য ডিসপ্লে করা হয়। | অবসান ঘটেছে। | |
| ৬. | ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুকরণ | বন্দির আত্নীয়-স্বজন ও সেবাপ্রাথীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুর উদ্যোগ নেয়া হয়। উক্ত সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা গ্রহন, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাড়গ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য আনুসন্ধান, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি সবল সেবা প্রদান করা হবে। ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে রসবা প্রদাসের জন্য ০২(জন) কারারক্ষী এবং ইনচার্জ হিসেবে একজন ডেপুটি জেলার দায়িত্বে থাকবেন। | ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু হলে সেবা প্রার্থীরা এক জায়গায় স্বল্প সময়ে প্রতিষ্ঠান প্রদত্ত সবল সেবা প্রাপ্ত হবে | বাস্তবায়িত (২০১৯-২০২০) |
| ৭. | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা প্রেরণ | বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা দিতে তাদের স্বজনদের অনেক সময় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়, লাইনে দাঁড়িয়ে থাকতে হয়। এতে সময় ও খরচ দুটোই অনেক বেশি লাগে। সেবা প্রার্থীদের সময়, খরচ ও ভোগান্তি কমাতে এই উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিকাশ/নগদ এ কারাগারে না এসে সুবিধা জনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হয়েছে। | বাস্তবায়িত (২০১৯-২০২০) |
| ৮. | কারা বন্দিদের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে শিক্ষা গ্রহণের ব্যবস্থা | কারাগারে অবস্থানরত আগ্রহী বন্দিদের শিক্ষা কার্যক্রম যাতে ব্যহত না হয় সে বিষয়ে কারা বন্দিদের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণের পদক্ষেপ নেওয়া হচ্ছে। | কারা বন্দিদের শিক্ষা গ্রহণ ও শিক্ষা ব্যবস্থা অব্যাহত রাখা সম্ভব হয়েছে। | বাস্তবায়িত (২০১৯-২০২০) |
| ৯. | আল্ট্রাভায়োলেট হিডেন সিল | কারাভ্যন্তরে ভিজিটর ও বহিরাগতদের প্রবেশের ক্ষেত্রে সাধারণ কালি দিয়ে যে সিল দেয়া হয় তা সহজে মুছে ফেলা বা কোন অসৎ উদ্দেশ্যে কারসাজির মাধ্যমে কারা নিরাপত্তা বিঘ্নিত করা সম্ভব। | আল্ট্রাভায়োলেট হিডেন সিল ব্যবহৃত হলে ভিজিটর/বহিরাগত এবং বন্দির নিরাপত্তা প্রদান সহজ হবে। | বাস্তবায়িত (২০১৭-২০১৮) |
| ১০. | টেলিফোনে কথা বলা | বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের যোগাযোগ সহজতর হচ্ছে। | ২০১৮ সালে পাইলট প্রকল্প চালু হয়। করোনা মহামারিতে বন্দিদের দেখা সাক্ষাত বন্ধ থাকায় সকল কারাগারে চলমান | বাস্তবায়িত (২০১৭-২০১৮) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | কয়েদিদের ৫০% লভ্যাংশ | কারাগারে আটক কয়েদি বন্দিদের শ্রমে উৎপাদিত পণ্য সামগ্রীর বিক্রয়লব্ধ অর্থ হতে ৫০% লভ্যাংশ সংশ্লিষ্ট কয়েদি বন্দিদেরকে পারিশ্রমিক হিসারব প্রদান করা হচ্ছে। এ যাবৎ মোট ২২৪৮৮ জন কয়েদি বন্দিদেরকে ৬৪৫০৮১৯ টাকা প্রদান করা হয়েছে। বর্তমানে ২৭ টি কেন্দ্রীয় /জেলা কারাগারে সংশ্লিষ্ট কয়েদি বন্দিদের পারিশ্রমিক প্রদান করা হচ্ছে। অন্যান্য কারাগারে উৎপাদন সম্পসারণ কার্যক্রম চলমান রয়েছে। | উৎপাদিত পণ্যের লভ্যাংশ দ্বারা কয়েদিরা আর্থিক ভাবে লাভবান হচ্ছে। | বাস্তবায়িত ২০১৮ সাল থেকে |
| ১২. | নিরাপত্তা ব্যবস্থা আধুনিকীকরণ | নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেট স্থাপন। | নিরাপত্তা ব্যবস্থা জোরদার হয়েছে। | বাস্তবায়িত ২০১৭ সাল থেকে |
| ১৩. | মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং | বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং। | মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং এর মাধ্যমে তাদের স্বাভাবিক জীবন-যাপনে সহায়ক হচ্ছে। | বাস্তবায়িত ২০১৪ সাল থেকে |
| ১৪. | কারা পাঠাগার স্থাপন। | বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন। | বন্দিদের উন্নত জীবন ও মানসিক প্রশান্তি আনয়নে সহায়ক হচ্ছে। | বাস্তবায়িত ২০১৪ সাল থেকে |
| ১৫. | সেলাই প্রশিক্ষণ | মহিলা বন্দিদের জন্য সেলাই প্রশিক্ষণ ব্যবস্থাকরণ। | মহিলা বন্দিদের সেলাই প্রশিক্ষণের মাধ্যমে বন্দি পরবর্তী আত্মকর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে। | বাস্তবায়িত ২০১৪ সাল থেকে |
| ১৬. | তথ্য ও সেবাকেন্দ্র চালুকরণ | সেবা গ্রহণের সুবিধার্থে তথ্য ও সেবাকেন্দ্র চালুকরণ। | তথ্য ও সেবাকেন্দ্র চালুর মাধ্যমে সহজে তথ্য ও সেবা প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করছে। | বাস্তবায়িত ২০১৪ সাল থেকে |

**৭. কারা অধিদপ্তরের সেরা উদ্ভাবনী উদ্যোগ, ২০২০-২০২১**

**উদ্ভাবনের শিরোনাম:** এসএমএস ও অ্যাপের এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান

**পটভূমি:** কারাবন্দির অবস্থানগত তথ্য তাদের স্বজনদের জানানোর জন্যই মূলতঃ এই উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কারাগারে অবস্থানরত বন্দিদের বিভিন্ন কারণে অবস্থানের পরিবর্তন হয় যেমনঃ

১) জামিনে মুক্তি
২) সাজা ভোগ শেষে মুক্তি
৩) অন্য কারাগারে বদলি
৪) বাহির হাসপাতালে অবস্থান
৫) রিমান্ড

বন্দির স্বজনগণ সাধারণত বন্দির অবস্থান পরিবর্তনের তথ্য তাৎক্ষণিকভাবে জানতে পারেন না। যার ফলে অনেক সময় তারা অজ্ঞতা বশতঃ দেখা সাক্ষাতের জন্য কারাগারে চলে এলে দুর্ভোগে পড়েন।

**উদ্দেশ্যঃ** বন্দির স্বজনদের তাৎক্ষণিকভাবে তথ্য প্রদান করে তাদের দুর্ভোগ/ভোগান্তি কমানোর উদ্দেশ্যে এই অ্যাপ তৈরী করা হয়েছে।

**উদ্যোগের কল্যাণ:** ১। বন্দির স্বজন বন্দির অবস্থান পরিবর্তনের তথ্য তাৎক্ষণিকভাবে ঘরে বসেই পাবেন।

২। বন্দির স্বজনের সময় ও অর্থের অপচয় হবে না এবং ভোগান্তি কম হবে।

৩। বন্দি তার অবস্থান পরিবর্তনের তথ্য তার স্বজন অবহিত আছে জানতে পেরে মানসিক প্রশান্তিতে থাকবে।

৪। কোন নির্দিষ্ট সময়ে কতজন বন্দি জামিনে মুক্তি পেয়েছে, সাজাভোগ শেষে মুক্তি পেয়েছে, বদলি হয়েছে কিংবা হাসপাতালে গিয়েছে তার নির্ভুল তথ্য দ্রুততম সময়ে পাওয়া যাবে।

৫। তাছাড়া কোন নির্দিষ্ট বন্দি কবে কখন মুক্তি পেয়েছে তা অ্যাপ সার্চ করে অতি দ্রুততার সাথে জানা যাবে।

৬। কেন্দ্রীয়ভাবে অ্যাপটি নিয়ন্ত্রন করা যাবে বিধায় যেকোন পরিসংখ্যান স্বল্প সময়ে কারা মহাপরিদর্শক অথবা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা সম্ভব হবে।

৭। অনেক সময় বিভিন্ন প্রতারকচক্র বন্দির বদলি বা হাসপাতালে প্রেরণ সংক্রান্ত ভূয়া/মিথ্যা তথ্য প্রদান করতঃ বন্দির স্বজনের নিকট হতে অর্থ হাতিয়ে নেয় যা এই অ্যাপের মাধ্যমে প্রতিহত করা সম্ভব হবে।

**উদ্ভাবন বাস্তবায়ন টিম:**

| ক্রমিক | নাম | পদবি | অফিসের নাম |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম | কারা উপ-মহাপরিদর্শক | কারা অধিদপ্তর |
| ০২ | জনাব সুরাইয়া আক্তার | সহকারী কারা মহাপরিদর্শক | কারা অধিদপ্তর |
| ০৩ | জনাব সুভাষ কুমার ঘোষ | সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত) | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ |
| ০৪ | জনাব মোহাম্মদ মাহাবুবুল ইসলাম | জেলার | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ |

**৮. কারা অধিদপ্তরের অনুসৃত উত্তম চর্চাসমূহের বিবরণ:**

১.কারাগারে মাদকসক্ত বন্দিদের জন্য পৃথকভাবে দেশের ৬০ টি কারগারে মাদকাসক্তি নিরাময় ইউনিট চালু রয়েছে এবং অবশিষ্ট ৮ টি কারাগারে মাদকাসক্তি নিরাময় ইউনিট চালু করার কার্যক্রম ২০১২ সাল থেকে শুরু হয়ে অদ্যাবধি চলমান রয়েছে।

২.বন্দির আত্নীয়-স্বজন ও সেবাপ্রার্থীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুর উদ্যোগ নেয়া হয়। উক্ত সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা ও গ্রহন, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাগ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য আনুসন্ধান, অভিযোগ নিস্পত্তি ইত্যাদি সকল সেবা প্রদান করা হচ্ছে যা ২০১৯ সাল থেকে চলমান রয়েছে।

৩.বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের টেলিফোনের মাধ্যমে যোগাযোগ সহজতর হচ্ছে যা ২০১৮ সালে পাইলট প্রকল্প হিসেবে চালু হয় এবং করোনা মহামারিতে বন্দিদের দেখা সাক্ষাত বন্ধ থাকায় সকল কারাগারে চলমান।

৪. মোবাইল ব্যাংকিং (বিকাশ ও নগদ) এর মাধ্যমে কারাগারে না এসে সুবিধাজনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হচ্ছে যা ১৯ এপ্রিল ২০২০ সাল থেকে চলমান।

৫. দেশের প্রতিটি কারাগারে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ স্থাপনের লক্ষ্যে বর্তমানে ৩৪ টি ডাবল ফেইজ লাইন বিদ্যুৎ সংযোগ রয়েছে, ১৩ টি কারাগারে ২০০৭ সাল থেকে বর্তমানে কার্যক্রম চলমান ও ২১ টি কারাগারে ডাবল ফেইজ বিদ্যুৎ সংযোজনের কার্যক্রম শীগ্রই শুরু করা হবে।

৬. বন্দিদের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং একাধিক বার কারাগারে প্রবেশকারী বন্দিদের সহজেই সনাক্ত করা ও বন্দি মুক্তি প্রদান প্রক্রিয়া সহজতর হবে যা প্রক্রিয়াধীন রয়েছে।

৭. কারাগারে আটক কয়েদি বন্দিদের শ্রমে উৎপাদিত পণ্য সামগ্রীর বিক্রয়লব্ধ অর্থ হতে ৫০% লভ্যাংশ সংশ্লিষ্ট কয়েদি বন্দিদেরকে পারিশ্রমিক হিসারব প্রদান করা হচ্ছে। এ যাবৎ মোট ২২৪৮৮ জন কয়েদি বন্দিদেরকে ৬৪৫০৮১৯ টাকা প্রদান করা হয়েছে। বর্তমানে ২৭ টি কেন্দ্রীয় /জেলা কারাগারে সংশ্লিষ্ট কয়েদি বন্দিদের পারিশ্রমিক প্রদান করা হচ্ছে যা ২০১৮ সাল থেকে চলমান। অন্যান্য কারাগারে উৎপাদন সম্পসারণ কার্যক্রম চলমান রয়েছে।

৮. মেডিটেশনের মাধ্যমে বন্দিদের সুশৃঙ্খল হওয়া, আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তাকরণ কার্যক্রম ২০০৭ সাল থেকে চলমান।

৯. প্রতিমাসে একবার বন্দিদের অভিযোগ/মতামত শোনার জন্য কারাবন্দিদের উপস্থিতিতে দরবার এর আয়োজন ২০০৭ সাল থেকে চলমান।

১০. বন্দিদের জন্য সুপেয় ঠান্ডা পানি সরবরাহের উদ্দেশ্যে কিছু কারাগারে ওয়াটারকুলার স্থাপন করা হয়েছে যা ২০১৭ সাল থেকে চলমান।

১১. সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার কারা মহাপরিদর্শক এর সাথে সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীর অভিযোগ/অনুযোগ শ্রবণ ও সমাধানে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা ২০১৪ সাল থেকে চলমান।

১২. কারা কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার্থে অধিদপ্তর ভবনের প্রতি তলায় পানির ফিল্টার স্থাপন করা হয়েছে যা ২০১৪ সাল থেকে চলমান।

১৩. কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৩কাঠা ও ৫ কাঠা বিশিষ্ট প্লটের আবাসন প্রকল্প ২০১৫ সাল থেকে চালুকরণ করা হয়েছে।

১৪. নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেট ২০১৭ সালে স্থাপন করা হয়েছে।

১৫. কারা কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরের ভিতরে খেলাধুলার আয়োজন এবং জাতীয় পর্যায়ে অংশ গ্রহণ কার্যক্রম ২০১৪ সাল থেকে চলমান।

১৬. বন্দিদের শারীরিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে শরীর চর্চার আয়োজন ২০১৪ সাল থেকে চলমান।

১৭.বন্দিদের মানসিক বিষন্নতা দূরীকরণের জন্য কারাভ্যন্তরে বিনোদন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ২০১৪ সাল থেকে চলমান।

১৮. বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিংযা ২০১৪ সাল থেকে চলমান।

১৯. বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন কার্যক্রম যা ২০১৪ সাল থেকে চলমান।

২০. কারাভ্যন্তরে পরিস্কার-পরিচ্ছন্নতা রক্ষার সুবিধার্থে ও ২০১৪ সালে ডাস্টবিন স্থাপন করা হয়েছে।

২১. কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের মৌলিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যা ২০১৪ সাল থেকে চলমান।

২২. কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদান কার্যক্রম ২০১৪ সাল থেকে চলমান।

২৩. কারাভ্যন্তরে মায়ের সাথে থাকা শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে যা ২০১৪ সাল থেকে চলমান।

২৪. মহিলা বন্দিদের জন্য সেলাই প্রশিক্ষণ ২০১৪ সাল থেকে চলমান।

২৫. পুরুষ বন্দিদের ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন ২০১৪ সাল থেকে চলমান।

২৬. বন্দিদের সাথে আত্মীয়-স্বজনের সাক্ষাতকক্ষে পর্যাপ্ত বসার স্থান এবং ফ্যানের ব্যবস্থা ২০১৪ সাল থেকে চলমান।

২৭. দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বন্দিদের আইন সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ ২০১৪ সাল থেকে চলমান।

২৮. বন্দিদের সাথে সাক্ষাতপ্রার্থী আত্মীয়-স্বজনের জন্য ২০১৪ সাল থেকে টয়লেটের ব্যবস্থাকরণ।

২৯. কারারক্ষীদের জন্য বিভিন্নরকম ক্রীড়া সামগ্রী ২০১৪ সাল থেকে প্রদান করা হচ্ছে।

৩০. সেবা গ্রহণের সুবিধার্থে তথ্য ও সেবাকেন্দ্র ২০১৪ সাল থেকে চালু করা হয়েছে।

**কারা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরে উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ:**

১. মোবাইল ব্যাংকিং তথা বিকাশ ও নগদের মাধ্যমে কারাগারে না এসে সুবিধাজনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হচ্ছে যা ১৯ এপ্রিল ২০২০ সাল থেকে চলমান।

২. বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের টেলিফোন/মোবাইলের মাধ্যমে যোগাযোগ সহজতর হচ্ছে। করোনা মহামারিতে বন্দিদের দেখা সাক্ষাত বন্ধ থাকায় সকল কারাগারে তাদের স্ব স্ব আত্মীয়-স্বজন খুব সহজেই টেলিফোন/মোবাইলের মাধ্যমে যোগাযোগ করতে পারছে।

৩. কারা বন্দিদের সন্তানদের পড়ালেখার মানোন্নয়ন ও উৎসাহ উদ্দীপনা প্রদানের লক্ষ্যে বৃত্তি প্রদান করা হচ্ছে।


৪. বন্দির আত্নীয়-স্বজন ও সেবাপ্রার্থীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু করা হয়েছে। উক্ত সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা ও গ্রহন, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাগ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য আনুসন্ধান, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি সকল সেবা প্রদান করা হচ্ছে।

৫. বন্দিদের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং একাধিক বার কারাগারে প্রবেশকারী বন্দিদের সহজেই সনাক্ত করা ও বন্দি মুক্তি প্রদান প্রক্রিয়া সহজতর করার প্রক্রিয়া চলমান।


৯. কারা অধিদপ্তরের ফটোগ্যালারি (ইনোভেশন ও আইসিটি সম্পর্কিত):



ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দির জামিন, খালাস, বদলি ও হাসপাতালে অবস্থানের তথ্য এস এম এস ও অ্যাপের মাধ্যমে স্বজনদের জানানো কার্যক্রম।





**ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দির জামিন, খালাস, বদলি ও হাসপাতালে অবস্থানের তথ্য এস এম এস ও অ্যাপের মাধ্যমে স্বজনদের জানানো কার্যক্রম।**




# জেল আপিল প্রকিয়া সহকীকরণ



ওয়ান স্টপ সেবা নিন, সময় বাঁচান
"রাখিব নিরাপদ, দেখাবো আলোর পথ"
ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
(এক কাউন্টারেই সব সেবা)
বিনামূল্যে সাক্ষাতের স্লীপ সংগ্রহ করুন।
বিনামূল্যে মোবাইল ফোন জমা রাখুন।
আপনার অভিযোগ আমাদের জানান।
01769970231.01769970230
(এক কাউন্টারেই সব সেবা গ্রহন করুন)
ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
(এক কাউন্টারেই সব সেবা)
মানিকগঞ্জ জেলা কারাগার।


ওয়ান স্টপ সেবা নিন, সময় বাঁচান
"রাখিব নিরাপদ, দেখাবো আলোর পথ"
ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
(এক কাউন্টারেই সব সেবা)
বিনামূল্যে সাক্ষাতের স্লীপ সংগ্রহ করুন।
বিনামূল্যে মোবাইল ফোন জমা রাখুন।
আপনার অভিযোগ আমাদের জানান।
01769970231.01769970230
ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
(এক কাউন্টারেই সব সেবা)
মানিকগঞ্জ জেলা কারাগার।


রাখিব নিরাপদ
দেখাব আলোর পথ
টাঙ্গাইল জেলা কারাগার
ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
(এক বুথ থেকেই সকল সেবা)
যে সেবাগুলো পাচ্ছেন-
সাক্ষাতের স্লিপ সংগ্রহ ও জমা
ওকালতনামা জমা ও সংগ্রহ
বন্দিকে সরবরাহযোগ্য কাপড় ও অন্যান্য বৈধ দ্রব্য
জামিন ও খালাস সম্পর্কিত তথ্য
সাক্ষাতের সিরিয়াল গ্রহণ ও বিশ্রাম
সাক্ষাতের পূর্বে মোবাইল ও অন্যান্য সামগ্রী জমা রাখা
বন্দি সংক্রান্ত যেকোন বৈধ তথ্য
সুলভ মূল্যে ক্যান্টিনের সেবা গ্রহণ ও বন্দিকে প্রদান
বয়োবৃদ্ধ (ষাটোর্ধ্ব) ও শিশুদের সাক্ষাতের বিশেষ ব্যবস্থা
বন্দির পিসিতে সরাসরি টাকা জমা
'নগদ' সেবার মাধ্যমে দূরদূরান্ত থেকে বন্দির পিসিতে টাকা প্রদান
শিশুর মাতৃদুগ্ধ পানের স্থান ও বিনোদনের ব্যবস্থা
তথ্যানুসন্ধান
ডিজিটাল ডিসপ্লে বোর্ডে জামিন ও খালাসের তথ্য প্রদর্শন




আল্ট্রাভায়োলেট হিডেন সীল




কারা কর্মকর্তা/কর্মচারীদের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ





কারাগারে বন্দিরা তার আত্মীয়-স্বজনদের সাথে টেলিফোনে কথা বলার সুযোগ পাচ্ছে





কারাগারে বন্দিরা তার আত্মীয়-স্বজনদের সাথে টেলিফোনে কথা বলার সুযোগ পাচ্ছে।

ইনোভেশন ও সেবা সহজিকরণ/মিন্টু




# কারা কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ




# কারা কর্মকর্তা/কর্মচারীদের সেবাসহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণ

**১০. কারা অধিদপ্তরের সেবা পদ্ধতি সহজিকরণ**

**সেবার নাম:** এস এম এস ও অ্যাপের এর মাধ্যমে বন্দিদের অবস্থান, জামিন/খালাস এর তথ্য জানা

**সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:** সেবাটি সহজিকরণের ফলে বন্দির স্বজন বাড়িতে বসেই বন্দির তথ্য, কারাগারে বদলি; জামিন/খালাস এর তথ্য জানতে পারবে।

**১১. তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):**


| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | পূর্ববর্তী ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | পরবর্তিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ১. | বন্দির স্বজনের কারা এলাকায় স্বশরীরে উপস্থিতি | ১. | বন্দির স্বজন বাড়িতে বসেই বন্দির তথ্য, কারাগারে বদলি; জামিন/খালাস এর তথ্য জানতে পারবে |
| ২. | তথ্য কেন্দ্রে উপস্থিতি | | - |
| ৩. | লাইনে দাড়ানো | | - |
| ৪. | তথ্য সংগ্রহ | | - |


**১২. TCV (Time, Cost & Visit) অনুসারে পূর্বের ও পরিবর্তিত পদ্ধতির তুলনা:**

| ক্ষেত্র | পূর্ববর্তী পদ্ধতি | পরিবর্তিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ০১ (এক) দিন | ০১ (এক) মিনিট |
| খরচ (নাগরিক ও অফিসের) | বাড়ি হতে কারাগারে আসা যাওয়ার খরচ (দূরত্ব ভেদে ২০০- ১০০০/-) | নেই |
| যাতায়াত | ০১ (এক) কার্যদিবস | নেই |
| ধাপ | ০৪ (চার) টি | নেই |
| জনবল | ০২ (দুই) জন | ০১ (এক) |
| দাখিলীয় কাগজপত্র | - | - |

১৩. বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির গ্রাফিক্যাল তুলনা:

বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির গ্রাফিক্যাল তুলনা




## ১৪. বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):

বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ(**Process Map**):

ধাপসংখ্যা: ০৪
সম্পৃক্ত জনবল: ০২জন
সময়: ০১কার্যদিবস



## ১৫.প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ (**Process Map**):

ধাপসংখ্যা: ০১
সম্পৃক্ত জনবল: ০১ জন
সময়: ০১ মিনিট

প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ(**Process Map**):

